# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 2nd Semester Examinations, 2023

## BENGALI

## বাংলা ভাষার ইতিহাস

## CORE-4

সময়: ২ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) ODBL কার লেখা এবং কত খ্রিস্টাব্দে প্রকাশিত ?

(খ) স্বরধ্বনির আনুনাসিকতার ফলে শব্দের অর্থ পরিবর্তিত হয় — এমন একটি দৃষ্টান্ত দাও।

(গ) মাটি, নদী, কেষ্ট — এর মধ্যে কোনটি তদ্ভব শব্দ ?

(ঘ) 'প্রোথিত' — কী জাতীয় শব্দ ?

(ঙ) বিমিশ্রণের একটি উদাহরণ দাও।

(চ) বাংলা বর্ণমালার কোন ধ্বনিগুলিকে মহাপ্রাণ ধ্বনি বলা হয় ?

(ছ) একটি সঙ্কর শব্দের দৃষ্টান্ত দাও ।

(জ) ঢাক, ঢোল, ঢেঁকি — বাংলা শব্দভাণ্ডারে এগুলি কী জাতীয় শব্দ ?

(ঝ) প্রাচীন বাংলা ভাষার দৃষ্টান্ত কোথায় পাওয়া যায় ?

(ঞ) মধ্য বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো।

(ট) স্বরসঙ্গতির একটি উদাহরণ দাও।

পরিভাষা লেখোঃ

(ঠ) Allegory

(ড) Fantasy

(ঢ) Realism

(ণ) Satire.

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) টীকা লেখোঃ (যে-কোনো একটি)

অর্থসংক্রম, লোকনিরুক্তি, নাসিক্যীভবন।

(খ) 'আকাদেমি বানান অভিধান' — অনুসারে বাংলায় ব্যবহৃত বিদেশি শব্দের ক্ষেত্রে 'শ-স' ব্যবহারের নিয়মগুলি লেখ।

(গ) ব্যুৎপত্তি নির্ণয় করোঃ (৫টি)

পরোটা, গামলা, দেউটি, বাউল, লুচি, মাছি।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি লেখো ।

(খ) বাংলা মৌলিক শব্দ বলতে কী বোঝো ? মৌলিক শব্দগুলির প্রকারভেদ উল্লেখ করে সেগুলির পরিচয় দাও।

(গ) বাংলা বানানের প্রধান কোন কোন সমস্যা এবং তার সমাধানের বিষয়ে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি আলোকপাত করেছেন — আলোচনা করো ।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) শব্দার্থ পরিবর্তনের ত্রি-ধারা সম্পর্কে আলোচনা করো।

(গ) বাংলা শব্দভাণ্ডারের প্রাদেশিক ও বিদেশি উপাদানগুলি সম্পর্কে বিশদ আলোচনা করো।

——×——